# আনোয়ার ইব্রাহিমের দ্রুত সুস্থতা কামনা তারেক রহমানের



ছবি: সংগৃহীত

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী দাতুক সেরি আনোয়ার ইব্রাহিম অসুস্থ হওয়ায় তার দ্রুত আরোগ্য কামনা করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান।

সোমবার (১০ আগস্ট) রাতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় আনোয়ার ইব্রাহিমের সুস্থতার জন্য দোয়া করেন তিনি।

বার্তায় তারেক রহমান বলেন, মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর দ্রুত ও সম্পূর্ণ সুস্থতার জন্য তিনি দোয়া করছেন। একই সঙ্গে আনোয়ার ইব্রাহিমের দীর্ঘস্থায়ী সুস্বাস্থ্য ও শক্তি কামনা করেন তিনি।

বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের জনগণ ও তার নিজের পক্ষ থেকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জানানো হচ্ছে। পাশাপাশি দুই দেশের বিশেষ বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথাও উল্লেখ করেন তিনি।

LENS ASIA